

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৩.০০৬.২০১১.১৫৫

তারিখ : ১৬.০৬.২০১৯ খ্রি:

বিষয় : নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলাধীন চর আমান উল্লাহ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব নারায়ন চন্দ্র মজুমদার এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

সূত্র : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি মাধ্যমিক-২ এর স্মারক নং ইউ.ও. নোট নং ৩৭.০০.০০০০.০৭৩.৪১.১৩৬.১৭.১৪৫ তারিখ: ০৭ মে ২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলাধীন চর আমান উল্লাহ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব নারায়নচন্দ্র মজুমদার এর বিরুদ্ধে সনদ জালিয়াতির অভিযোগের প্রেক্ষিতে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক তদন্ত করা হয়।

২.০ জনাব নারায়ন চন্দ্র মজুমদার ০১.০৪.১৯৯৫ তারিখে সহকারী শিক্ষক পদে যোগদান করেন। উক্ত সময়ের নীতিমালা অনুযায়ী সহকারী শিক্ষক পদে নিয়োগের যোগ্যতা স্নাতকসহ বিএড থাকার বিধান ছিল। নিয়োগের সময় তার বিএড সনদ ছিল না। তিনি ০১.০৪.১৯৯৫ সালে সহকারী শিক্ষক পদে যোগদান করেন এবং ২০০১ সালে বিএড সনদ অর্জন করেন। ফলে সহকারী শিক্ষক পদে তার নিয়োগ বৈধ হয়নি।

৩.০ এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ অনুযায়ী প্রধান শিক্ষক জনাব নারায়নচন্দ্র মজুমদার এর বেতন ভাতা সাময়িকভাবে বন্ধকরণ এবং তার এম.পি.ও. কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না সে মর্মে তাকে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে

  
(মো: কামরুল হাসান)

উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই মেইল ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে :

০১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. সিনিয়র সহকারী সচিব, বেসরকারি মাধ্যমিক -২ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪. জনাব নারায়নচন্দ্র মজুমদার, প্রধান শিক্ষক, চর আমান উল্লাহ উচ্চ বিদ্যালয়, সুবর্ণচর, নোয়াখালী।